গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
(সাধারণ শাখা)
www.coxsbazar.gov.bd

স্মারক নং : ০৫.২০.২২০০.১১০.০৬.০১৩.২০২৫-৪৫৯ তারিখ : ১৮-০৮-২০২৬খ্রিঃ

সার ডিলার পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা" ২০২৫ (সংশোধিত) এর আলোকে কক্সবাজার জেলার নিম্নোক্ত ডিলার ইউনিটের বিপরীতে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে পুনরায় আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্র: নং	ইউনিয়ন/ পৌরসভা	শূণ্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা/ব্লকের নাম..........ওয়ার্ড
		চকরিয়া উপজেলা
১	খুটাখালী	মেধাকচ্ছপিয়া, ওয়ার্ড ১, ২, ৩
২		ফুলছড়ি, ওয়ার্ড ৭, ৮, ৯
৩	ডুলাহাজারা	ডুলাহাজারা, ওয়ার্ড ৪, ৫, ৬
৪	ফাঁসিয়াখালী	নিশরপানখালী ও সোয়াপাড়া (আংশিক) ওয়ার্ড ১, ৩, ৬
৫	চিরিঙ্গা	সওদাগরঘোনা ও চরণদ্বীপ (আংশিক) ওয়ার্ড ৫, ৬, ৭
৬	লক্ষ্যারচর	মডলপাড়া, ওয়ার্ড ১, ২, ৩
৭		শিকলঘাটা, ওয়ার্ড ৪, ৫, ৬
৮		জিদ্দাবাজার, ওয়ার্ড ৭, ৮, ৯
৯	কৈয়ারবিল	বিলছাদক, ওয়ার্ড ১, ২, ৩
১০	কাকারা	মাইজকাকারা, ওয়ার্ড ৪, ৫,৬
১১	বমুবিলছড়ি	মন্দিরবিল, ওয়ার্ড ৭, ৮, ৯
১২	হারবাং	হারবাং, ওয়ার্ড ১, ২, ৩
১৩	পূর্ব বড় ভেওলা	পূর্ব বড় ভেওলা, ওয়ার্ড ৭, ৮, ৯
১৪	সাহারবিল	সাহারবিল, ওয়ার্ড ১, ২, ৩
১৫	ডেমুশিয়া	দক্ষিণ ডেমুশিয়া ও পশ্চিম ডেমুশিয়া (আংশিক) ওয়ার্ড ৪, ৫, ৬
১৬		পশ্চিম ডেমুশিয়া ও উত্তর ডেমুশিয়া (আংশিক) ওয়ার্ড ৭, ৮,৯
১৭	বদরখালী	নাতভালিয়া, ওয়ার্ড ৭, ৮, ৯
১৮	কোনাখালী	কোনাখালী, ওয়ার্ড ১, ২, ৩
১৯	সুরাজপুর মানিকপুর	সুরাজপুর, ওয়ার্ড ১, ২, ৩
২০		মানিকপুর, ওয়ার্ড ৪, ৫, ৬
		পেকুয়া উপজেলা
২১	রাজাখালী	উত্তর রাজাখালী, ওয়ার্ড ১, ২, ৩
২২		মধ্যম রাজাখালী, ওয়ার্ড ৪, ৫, ৬
২৩	মগনামা	উত্তর মগনামা, ওয়ার্ড ১, ২, ৩
২৪		মধ্যম মগনামা, ওয়ার্ড ৪, ৫, ৬
২৫		দক্ষিণ মগনামা, ওয়ার্ড ৭, ৮, ৯
২৬	উজানটিয়া	উজানটিয়া, ওয়ার্ড ১, ২, ৩
২৭		সুতাচোরা, ওয়ার্ড ৪, ৫, ৬
২৮		করিয়ারদিয়া, ওয়ার্ড ৭, ৮, ৯
২৯	বারবাকিয়া	বারইয়াকাটা, ওয়ার্ড ৪, ৫, ৬
৩০	টৈটং	পশ্চিম টৈটং, ওয়ার্ড ৪, ৫, ৬
৩১	শিলখালী	জারুলবুনিয়া, ওয়ার্ড ৪, ৫, ৬
৩২		পূর্ব শিলখালী, ওয়ার্ড ৭, ৮, ৯
		কুতুবদিয়া উপজেলা
৩৩	উত্তর ধুরুং	নয়াকাটা, ওয়ার্ড ১, ২, ৩
৩৪		বাঁকখালী, ওয়ার্ড ৪, ৫, ৬
৩৫	দক্ষিণ ধুরুং	আলী ফকির ডেইল ও ধুরুং বাজার (আংশিক), ওয়ার্ড ২, ৩, ৯
৩৬	লেমশীখালী	পূর্ব লেমশীখালী, ওয়ার্ড ২, ৩, ৫
৩৭		পশ্চিম,লেমশীখালী, ওয়ার্ড ১, ৪, ৬
৩৮		দক্ষিণ লেমশীখালী, ওয়ার্ড ৭, ৮, ৯
৩৯	কৈয়ারবিল	উত্তর কৈয়ারবিল, ওয়ার্ড ১, ২, ৩
৪০		হিলাছড়ি, ওয়ার্ড ৭, ৮, ৯
৪১	বড়ঘোপ	দক্ষিণ বড়ঘোপ ও পশ্চিম বড়ঘোপ (আংশিক), ওয়ার্ড ৩, ৪, ৬
৪২		পূর্ব বড়ঘোপ, ওয়ার্ড ৭, ৮, ৯
৪৩	আলী আকবর ডেইল	শান্তি বাজার ও পূর্ব আলী আকবর ডেইল (আংশিক), ওয়ার্ড ৩, ৭, ৮
৪৪		পূর্ব আলী আকবর ডেইল ও কুতুব আউলিয়া (আংশিক), ওয়ার্ড ৫,৬,৯

ক্র: নং	ইউনিয়ন/ পৌরসভা	শূণ্য ডিলার ইউনিট/সার ডিলার এর কার্য এলাকা/ব্লকের নাম..........ওয়ার্ড
		রামু উপজেলা
৪৫	ঈদগড়	ঈদগড়, ওয়ার্ড ১, ২, ৩
৪৬		জঙ্গল ঈদগড়, ওয়ার্ড ৭, ৮, ৯
৪৭	গর্জনিয়া	জুমছড়ি, ওয়ার্ড ১, ২, ৩
৪৮		মাঝিরকাটা, ওয়ার্ড ৪, ৫, ৬
৪৯	কাউয়ারখোপ	মনিরঝিল, ওয়ার্ড ১, ২, ৩
৫০		উখিয়ারঘোনা, ওয়ার্ড ৭, ৮, ৯
৫১	রাজারকুল	দক্ষিণ রাজারকুল, ওয়ার্ড ১, ২, ৩
৫২		পশ্চিম রাজারকুল, ওয়ার্ড ৪, ৫, ৬
৫৩	দক্ষিণ মিঠাছড়ি	উমখালী, ওয়ার্ড ১, ২, ৩
৫৪		পানেরছড়া, ওয়ার্ড ৪, ৫, ৬
৫৫	চাকমারকুল	জারাইতলী ও চাকমারকুল (আংশিক), ওয়ার্ড ৩, ৫, ৬
৫৬		শ্রীমুরা, ওয়ার্ড ৭, ৮, ৯
৫৭	রশিদনগর	ধলিরছড়া, ওয়ার্ড ১, ২, ৩
৫৮		রশিদনগর, ওয়ার্ড ৪, ৫, ৬
৫৯	খুনিয়াপালং	গোয়ালিয়াপালং, ওয়ার্ড ৭, ৮, ৯
		কক্সবাজার সদর উপজেলা
৬০	চৌফলদণ্ডী	পূর্ব চৌফলদণ্ডী ও পশ্চিম চৌফলদণ্ডী (আংশিক), ওয়ার্ড ৩, ৭, ৯
৬১	ভারুয়াখালী	পশ্চিম ভারুয়াখালী, ওয়ার্ড ১, ২, ৩
		টেকনাফ উপজেলা
৬২	হোয়াইক্যং	খারাংখালী, ওয়ার্ড ৭, ৮, ৯
৬৩	সাবরাং	শাহপরীর দ্বীপ, ওয়ার্ড ৭, ৮, ৯
৬৪	বাহারছড়া	শিলখালী, ওয়ার্ড ৪, ৫, ৬
৬৫		বড়ডেইল, ওয়ার্ড ৭, ৮, ৯
৬৬	পৌরসভা	ওয়ার্ড ১, ২, ৩
৬৭		ওয়ার্ড ৪, ৫, ৬
৬৮		ওয়ার্ড ৭, ৮, ৯
৬৯	সেন্টমার্টিন	সেন্টমার্টিন উত্তর, ওয়ার্ড ১, ২, ৩
৭০		সেন্টমার্টিন মধ্যম, ওয়ার্ড ৪, ৫, ৬
৭১		গলাচিপা, ওয়ার্ড ৭, ৮, ৯
		মহেশখালী উপজেলা
৭২	বড় মহেশখালী	বড়ডেইল, ওয়ার্ড ১, ২, ৩
৭৩	কুতুবজোম	সোনাদিয়া, ওয়ার্ড ১, ২, ৩
৭৪	মাতারবাড়ি	সিকদারপাড়া, ওয়ার্ড ১, ২, ৩
৭৫		মগডেইল, ওয়ার্ড ৭, ৮, ৯
৭৬	ধলঘাটা	মুহরীঘোনা, ওয়ার্ড ১, ২, ৩
৭৭		ধলঘাটা, ওয়ার্ড ৪, ৫, ৬
৭৮		সাপমারার ডেইল, ওয়ার্ড ৭, ৮, ৯
৭৯	পৌরসভা	ওয়ার্ড ১, ২, ৩
৮০		ওয়ার্ড ৪, ৫, ৬
		ঈদগাও উপজেলা
৮১	ঈদগাঁও	মাছুয়াখালী, ওয়ার্ড ৪, ৫, ৬
৮২	ইসলামাবাদ	ইসলামাবাদ, ওয়ার্ড ১, ২, ৩
৮৩		ইউছুপেরখীল, ওয়ার্ড ৪, ৫, ৬
৮৪	জালালাবাদ	ফরাজীপাড়া, ওয়ার্ড ৪, ৫, ৬
৮৫		পালাকাটা, ওয়ার্ড ৭, ৮, ৯
৮৬	পোকখালী	নাইক্ষ্যংদিয়া, ওয়ার্ড ৪, ৫, ৬
৮৭		গোমাতলী, ওয়ার্ড ৭, ৮, ৯
৮৮	ইসলামপুর	উত্তর নাপিতখালী, ওয়ার্ড ১, ২, ৩
৮৯		মধ্যম নাপিতখালী, ওয়ার্ড ৪, ৫, ৬

শর্তাবলী ঃ

(ক) "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৫ (সংশোধিত)" এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে। (আবেদন ফরম- www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে)।

(খ) আবেদনকারীদের নির্ধারিত শূন্য ডিলার ইউনিটের বিপরীতে ২০২৫ (সংশোধিত) এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণসাপেক্ষে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, যেসব আবেদনকারী ১৭ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখের স্মারক নং-৭৭ এর সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তিতে সার ডিলার নিয়োগের জন্য আবেদন দাখিল করেছেন তাদের অনিস্পন্ন আবেদনসমূহ বর্তমান বিজ্ঞপ্তির আওতাধীন মর্মে বিবেচনা করে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন হবে না।

(গ) আবেদনকারীর যোগ্যতা :

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভার বাসিন্দা হতে হবে এবং এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভার কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ৫০মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না।

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে।

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ১০,০০ (দশ) লক্ষ টাকার ব্যাংকসচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে।

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে।

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে(বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না)।

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ এবং চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ থাকতে হবে।

(ঘ) আবেদনকারীর অযোগ্যতা :

১. ইতঃপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলেও তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতঃপূর্বে ব্যবসায় অনিয়ম/কোনো ফৌজদারী বা অন্য কোনো আইনে দণ্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারী অপরাধে দণ্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২(দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে /থাকতে পারবেন না; এবং

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা বিক্রয় প্রতিনিধিত্বশিপ থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/বিক্রয় প্রতিনিধিত্বশিপের আবেদন করতে বা ডিলার বা বিক্রয় প্রতিনিধি হতে পারবে না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা একই খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

(ঙ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র :

১. আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচয়পত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে।

২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:

(i) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;

(ii) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি;